

২০১২ সালের প্রথম ছয় মাস ব্র্যাক ব্যাংকের এসএমই ঋণ বিতরণ বেড়েছে

ব্র্যাক ব্যাংক ২০১২ সালের প্রথম ছয় মাসে এসএমই অর্থায়নে গত বছরের একই সময়ের তুলনায় ৬৩ শতাংশ প্রবৃদ্ধি অর্জন করেছে। তারল্য সংকট ও অন্যান্য অর্থনৈতিক চাপ সত্ত্বেও এ সময়ে ব্যাংকটি ৪ হাজার ৯৩০ কোটি টাকা ঋণ বিতরণ করেছে। ২০১১ সালের একই সময়ে এর পরিমাণ ছিল ৪ হাজার ৩৮৮ কোটি টাকা।

নতুন ব্যবসা শুরু এবং ব্যবসা সম্প্রসারণের জন্য তৃণমূল পর্যায়ে ঋণের ব্যাপক চাহিদার কারণে ব্র্যাক ব্যাংক ঋণ বিতরণে এ প্রবৃদ্ধি অর্জন করেছে।

দেশব্যাপী ৪০০টি এসএমই ইউনিট কার্যালয় নিয়ে প্রত্যন্ত অঞ্চলেও ক্ষুদ্র উদ্যোক্তাদের মাঝে ঋণ প্রদানে শক্তিশালী অবস্থান তৈরি করেছে ব্র্যাক ব্যাংক। ব্র্যাক ব্যাংক এখন পর্যন্ত ৩ লাখ ৭৬ হাজার ৩৫০ ক্ষুদ্র উদ্যোক্তার মধ্যে ১৮ হাজার ২৬৬ কোটি টাকা এসএমই ঋণ বিতরণ করেছে। ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা সৈয়দ মাহবুবুর রহমান বলেন, 'এসএমই ব্যাংক হিসেবে আমরা সবসময় এসএমই ঋণ বিতরণ বৃদ্ধির মাধ্যমে ব্যাংকিং সুবিধার বাইরে থাকা প্রত্যন্ত অঞ্চলের উদ্যোক্তাদের ঋণ সুবিধার মধ্যে নিয়ে আসার চেষ্টা করছি। আমাদের ব্যাংকের ৫০ শতাংশের বেশি এসএমই ঋণ। দেশের অর্থনীতিকে সুদৃঢ় করার ক্ষেত্রেও অবদান রাখছে ব্যাংকটি। আগামী দিনগুলোতেও এ প্রবৃদ্ধি বজায় রাখতে আমরা কাজ করে যাবো। সংবাদ বিজ্ঞপ্তি।